দৈনিক ইত্তেফাক 26
তারিখ ... SEP 14 1999
পৃষ্ঠা ৮ কলাম ৩

# সরকার আনুষ্ঠানিক শিক্ষার পাশাপাশি উপ-আনুষ্ঠানিক শিক্ষা চালু করিয়াছে

চট্টগ্রাম অফিস ॥ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে চট্টগ্রাম শিশু একাডেমীতে জেলা প্রশাসনের উদ্যোগে কয়েকটি এনজিওর সহযোগিতায় এক সেমিনারের আয়োজন করা হয়। 'মানব সম্পদ উন্নয়ন ও অব্যাহত শিক্ষা শীর্ষক এই সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এডাব সভাপতি কমল সেনগুপ্ত। আলোচকরা বলেন, সরকার দেশের অনগ্রসর ও সুবিধা ব[illegible]ষকে শিক্ষা প্রদানে আনুষ্ঠা-[illegible]র পাশাপাশি উপানুষ্ঠানিক [illegible]ক্রম চালু করিয়াছে। [illegible] ২০০২ সালের মধ্যে সাক্ষরতার হার ৬২ শতাংশ উন্নীত করিতে সরকারের পাশাপাশি এনজিও-গুলির মধ্যে সমন্বিত কর্মসূচী গ্রহণে গুরুত্বারোপ করেন। আলোচকগণ শিক্ষা, স্বাস্থ্য ও দক্ষতার মাধ্যমে অর্জিত মানব সম্পদের উন্নয়ন জাতীয় উন্নয়নের পূর্বশর্ত বলিয়া উল্লেখ করেন। তাহারা বলেন, একটি স্বাক্ষর সমাজ গড়িয়া তোলাই সাক্ষরতা ও শিক্ষা কর্মসূচীর লক্ষ্য। আলোচকগণ সকলের জন্য শিক্ষা ও স্বাক্ষর সমাজ গড়িয়া তোলার ব্যাপারে বিভিন্ন শিক্ষা কার্যক্রমের পাশাপাশি অব্যাহত শিক্ষা কর্মসূচীর কথা উল্লেখ করেন। অব্যাহত শিক্ষার ব্যাপ্তি জাতিকে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করিয়া দক্ষ মানব সম্পদ সৃষ্টি ও জাতীয় উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করিবে। চট্টগ্রামের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) মোহাম্মদ আহমদ হোসাইনের সভাপতিত্বে এই সেমিনারে আলোচনায় অংশ নেন চট্টগ্রামের অতিরিক্ত বিভাগীয় কমিশনার এম এ সাত্তার, উপানুষ্ঠানিক শিক্ষা দপ্তরের জেলা কো-অর্ডিনেটর মোহাম্মদ জানে আলম হাওলাদার, মোহাম্মদ মুক্তারুল আলম, জাহাঙ্গীর কবির ও শেখর ভট্টাচার্য।